

■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১০৬

১২/ জানায়া সম্পর্কিত (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২০. জানায়ার সালাতে মৃত ব্যক্তির জন্য দু'আ

بَاب الدُّعَاء لِلْمَيِّتِ فِي الصَّلَاةِ

আরবী

وَحَدَّثَنَا نَصْرُ بْنُ عَلَيِّ الْجَهْضَمِيُّ، وَإِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، كَلَاهُمَا عَنْ عِيسَى بْنِ يُونُسَ عَنْ أَبِي حَمْزَةَ الْحِمْصَيِّ، حَوَّدَثَنِي أَبُو الطَّاهِرِ، وَهَارُونُ بْنُ سَعِيدِ الْأَيْلِيُّ، - وَاللَّفْظُ لِأَبِي الطَّاهِرِ - قَالَا حَدَّثَنَا أَبْنُ وَهْبٍ، أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ، عَنْ أَبِي حَمْزَةَ بْنِ سُلَيْمٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جُبَيْرٍ بْنِ نُفَيْرٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَوْفِ بْنِ مَالِكٍ الْأَشْجَعِيِّ، قَالَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصَلَّى عَلَى جَنَازَةِ يَقُولُ "اللَّهُمَّ اغْفِرْ لَهُ وَارْحَمْهُ وَاعْفُ عَنْهُ وَعَافَهُ وَأَكْرِمْ نُزْلَهُ وَوَسِعْ مُدْخَلَهُ وَاغْسِلْهُ بِمَا إِنْ شَاءْ وَلَثْلَجْ وَيَرَدْ وَنَقِهِ مِنَ الْخَطَايَا كَمَا يُنَقِّي التَّوْبُ الْأَبَيَضُ مِنَ الدَّنَسِ وَأَبْدِلْهُ دَارًا خَيْرًا مِنْ دَارِهِ وَأَهْلًا خَيْرًا مِنْ أَهْلِهِ وَزَوْجًا خَيْرًا مِنْ زَوْجِهِ وَقِهِ فِتْنَةَ الْقَبْرِ وَعَذَابَ النَّارِ" . قَالَ عَوْفٌ فَتَمَنَّيْتُ أَنْ لَوْ كُنْتُ أَنَا الْمَيِّتُ لِدُعَاءِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى ذَلِكَ الْمَيِّتِ .

বাংলা

২১০৬। নাসর ইবনু আলী আল-জাহ্যামী, ইসহাক ইবনু ইবরাহীম, আবু তাহির ও হারুন ইবনু সান্দ আল-আয়লী (রহঃ) ... আউফ ইবনু মালিক আল আশজায়ী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জানায়ার সালাত আদায় করা অবস্থায় বলতে শুনেছি, তাকে দয়া কর, তাকে শান্তিতে রাখ, তার অবস্থানকে মর্যাদাপূর্ণ কর, তাকে মাফ করে দাও, তার কবরকে প্রশস্ত করে দাও, তাকে পাক-পবিত্র করে দাও, পানি দ্বারা, বরফ দ্বারা, শিলাবৃষ্টির পানি দ্বারা; তাকে গুনাহ হতে এভাবে পরিষ্কার করে দাও, যেমন সাদা কাপড়কে পরিষ্কার-করা হয় ময়লা হতে। তাকে তার ঘর হতে উত্তম ঘর দান কর, তার পরিবার হতে উত্তম পরিবার, তার স্ত্রী হতে উত্তম স্ত্রী দান কর। তাকে কবরের আয়াব হতে ও দোয়খের আয়াব হতে রক্ষা কর।

আউফ (রাঃ) বলেন, আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এ মৃত ব্যক্তির জন্য দুআর কারণে আকাঙ্ক্ষা করেছিলাম যদি এ মৃত ব্যক্তি আমি হতাম।

English

'Anas b. Malik said:

I heard the Prophet (ﷺ) say (while offering prayer on a dead body): O Allah! forgive him, have mercy upon him. Give him peace and absolve him. Receive him with honour and make his grave spacious. Wash him with water, snow and hail, cleanse him from faults as is cleaned a white garment from impurity. Requite him with an abode more excellent than his abode, with a family better than his family, and with a mate better than his mate, and save him from the trial of the grave and torment of Hell. 'Auf b. Malik said: I earnestly desired that I were the dead person to receive the prayer of the Messenger of Allah (ﷺ) as this dead body had (received).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আউফ ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=11471>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন